# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

স্মারক নং- ৩৭.০১.৪১০৪.০০৮.১১.০০২.২২-৪৪৯১

তারিখঃ ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম, বেতন স্কেল ও বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)**<br>বেতন স্কেলঃ<br>৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩)<br>বয়সঃ অনূর্ধ্ব ৫৫ বছর | ০১ | ১. সরকার স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমান ডিগ্রি সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩. সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. সংশ্লিষ্ট বিভাগে উপ-পরিচালক বা সমমান বা তদূর্ধ্ব পদে ন্যূনতম মোট ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>৫. ডিপিপি প্রস্তুতের অভিজ্ঞতা থাকতে হবে।<br>৬. পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে।<br>৭. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার ব্যাবহারে দক্ষ হতে হবে। |
| ০২ | **সাব টেকনিক্যাল অফিসার**<br>বেতনস্কেলঃ<br>১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০)<br>বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর | ০১ | ১. সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইটি/ কম্পিউটার সায়েন্স বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কম্পিউটার বিষয়ে ৪ (চার) বছরের ডিপ্লোমা সহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩. প্রার্থীকে অবশ্যই কম্পিউটার নেটওয়ার্ক ও হার্ডওয়ার মেইনটেনেন্স এ এ দক্ষতা থাকতে হবে । |
| ০৩ | **অনলাইন লার্নিং ম্যানেজার**<br>বেতনস্কেলঃ<br>১৬০০০-৩৮৬৪০<br>(গ্রেড-১০)<br>বয়সঃ অনূর্ধ্ব ৩০ বছর | ০১ | ১. সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইটি/ কম্পিউটার সায়েন্স বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কম্পিউটার বিষয়ে ৪ (চার) বছরের ডিপ্লোমা সহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২. শিক্ষা জীবনে সনদ প্রাপ্ত সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ বা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ অথবা সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>৩. প্রার্থীকে অবশ্যই প্রোগ্রামিং, ওয়েব ডেভেলপমেন্ট, কন্টেন্ট ডিজাইন, গ্রাফিক্স এডিটিং এবং ভিডিও এডিটিং এ দক্ষতা থাকতে হবে |
| | মোটঃ | ০৩ | |

**শর্তাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীদের আগামী ২১/০৭/২০২৩ তারিখ রাত ১২.০০ টার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ২১/০৬/২০২৩ তারিখ রাত ১২.০০ টার পর থেকে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতিপত্র, এর মূল সনদের রঙ্গিন স্ক্যান কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form এর নির্ধারিত অংশে সংযুক্ত করতে হবে।

৩. আবেদনের শেষ তারিখ হতে বয়স গণনা করা হবে।

৪. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে এবং পরীক্ষার প্রবেশ পত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ থেকে ডাউনলোড করতে হবে। এই মর্মে কোন ধরনের পত্র ইস্যু করা হবে না ।

৫. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

৬. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭. প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে অর্থ মন্ত্রণালয় এর গত ২২/০৯/২০২২ ইং তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২ নং স্মারক মোতাবেক পরীক্ষার ফি সংক্রান্ত উক্ত মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে ক্রমিক নং- ১ এর জন্য ৬০০/-(ছয়শত) টাকা, ক্রমিক নং- ২-৩ পর্যন্ত ৫০০/-(পাঁচশত) টাকা টাকা জমা দিতে হবে (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ https://jobs.bdu.ac.bd/ এ পাওয়া যাবে)।

৮. কোভিড-১৯ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় এর গত ২২/০৯/২০২২ ইং তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক বয়সসীমা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে এবং মুক্তিযোদ্ধা সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়সসীমা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৯. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বর্জন এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন / বাতিল এবং পদের সংখ্যা হ্রাস / বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

১০. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

১১. বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত উচ্চ ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ আবেদনের সময় অবশ্যই দাখিল করতে হবে।

১২. পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।

১৩. নিয়োগ লাভের পর প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে **০৯৬৬৬৭৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮৩৩** নম্বরে ফোন করে জরুরী সেবা গ্রহন করা যেতে পারে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ
কালিয়াকৈর, গাজীপুর-১৭৫০

স্মারক নং- ৩৭.০১.৪১০৪.০০৮.১১.০০২.২২-৪৪৯১

তারিখঃ ০৭ আষাঢ় ১৪৩০
২১ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রদান করা হলো:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, বিডিইউ।
২. ট্রেজারার দপ্তর, বিডিইউ।
৩. উপাচার্য মহোদয়ের, একান্ত-সচিব, বিডিইউ।
৪. সকল দপ্তর/বিভাগীয় প্রধান, বিডিইউ।
৫. অফিস ফাইল/ গার্ড ফাইল, বিডিইউ।
৬. সকল নোটিশ বোর্ড, বিডিইউ।

সেকশন অফিসার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ